# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষি ভবন"

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(মহা-ব্যবস্থাপক (বীজ) এর দপ্তর)


স্মারক নং ঃ ১মব্য(বীজ)৫১(অংশ-৯)/২০০৬-০৭/৩৯৩(৩০) · তারিখ ঃ ২৮/০৮/২০০৬ ইং

**বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ে ১৪/৮/২০০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৭তম সভার কার্য বিবরণী।**

এতদসঙ্গে বর্ণিত বিষয়ের কার্য বিবরণী প্রেরণ করা হ'ল।

**সংযুক্তি ঃ সভার কার্য বিবরণী।**

২৮/০৮/০৬

(মোঃ নজরুল ইসলাম)
মহা-ব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ও
সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি

**অনুলিপি বিতরণ (কার্য বিবরণী সংযুক্ত) ঃ**

১। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২। পরিচালক (সরেজমিন উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৩। পরিচালক (গবেষণা), বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৪। পরিচালক (গবেষণা), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৫। পরিচালক (কৃষি), বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৮। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
৯। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১০। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ, এসআইডি প্রজেক্ট, ৩য় বিল্ডিং, ৭ম ফ্লোর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
১১। পরিচালক (উদ্ভিদ সংরক্ষণ উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১২। জনাব গিয়াস উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, সেন্টার ফর এগ্রো-টেকনোলজী ডেভেলপমেন্ট, ৬০ গ্রীন রোড, ঢাকা (প্রতিনিধি, এনজিও সীড ফোরাম)।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১৪। যুগ্ম-সচিব (কৃষি শিক্ষা ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১৫। মহাপরিচালক (বীজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। অতিরিক্ত মহা-ব্যবস্থাপক (বীবি/খামার/সিডিপি ক্রপস্), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক (ডাল ও তৈল), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।

**সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ ঃ**

১। মহাপরিচালক, ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
২। মহাপরিচালক, বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৩। মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৫। মহাপরিচালক, বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৭। ভাইস চ্যান্সেলর, কাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

# গত ১৪/৮/২০০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির
## ৩৭তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৩৭তম সভা গত ১৪/৮/০৬ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) সভাপতিত্ব করেন। পরিশিষ্ট-ক তে উল্লিখিত কর্মকর্তা/প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব ও মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকাকে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সদস্য-সচিব আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি উপস্থাপন করেন ঃ

আলোচ্য সূচী-১ ঃ ১০/৫/০৬ ইং তারিখে অনুষ্ঠিত ৩৬তম সভার কার্য বিবরণী অনুমোদনের প্রস্তাব।

৩৬তম সভার কার্যবিবরণী ১৮/৫/০৬ ইং ১মব্যঃ(বীজ)৫১(অংশ-৯)২০০৫-০৬/৩০৩(২৫) নং স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যগণের নিকট পাঠানো হয়। উক্ত কার্যবিবরণীর উপর ইতিপূর্বে কোন মতামত/মন্তব্য পাওয়া যায়নি। তথাপি কারও কোন মতামত/মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সদস্যবৃন্দের পক্ষ থেকে কোন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর মহা-ব্যবস্থাপক (বীজ) সীড প্রমোশন কমিটির ৩৬তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**আলোচ্য সূচী-২ ঃ গত ১০/৫/২০০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৬তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

বিগত ১০/৫/০৬ ইং তারিখে অনুষ্ঠত সীড প্রমোশন কমিটির ৩৬তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবয়নের অগ্রগতি নিম্নে বর্ণিত হলো ঃ

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ০২ | **বিষয় ঃ ২০০৬-০৭ মৌসুমের জন্য আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>(১) বিএডিসি ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে ১২টি জাতের ৯,৭০০ মে. টন মানঘোষিত এবং ৮টি জাতের ২৫০০ মে. টন প্রত্যায়িত এবং ১৫টি জাতের ২,০০০ মে. টন ভিত্তিসহ মোট ১৪,২০০ মে. টন আমন বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।**<br>(২) বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠান ২০০৬-০৭ বর্ষের জন্য ১২টি জতের ১৮,৫০০ কেজি এবং ২০০৭-০৮ বর্ষের জন্য ১২টি জাতের ১৮,৫০০ কেজি ব্রিডার আমন বীজ বিএডিসি'কে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ ব্রি।**<br>(৩) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা প্রতিষ্ঠান ২০০৬-০৭ বর্ষের জন্য ২টি জাতের ১৫০ কেজি এবং ২০০৭-০৮ বর্ষের জন্য ২টি জাতের ১৫০ কেজি ব্রিডার আমন বীজ বিএডিসি'কে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বিনা।**<br>(৪) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠানসমূহ নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনীর আয়োজন করবে। সেক্ষেত্রে গবেষণা প্রতিষ্ঠানসমূহ প্রদর্শনী প্লটের বীজ সরবরাহ করবে। **দায়িত্ব ঃ ডিএই এবং গবেষণা প্রতিষ্ঠানসমূহ।**<br>(৫) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য 'ক্যামপেন' আকারে প্রচারণার ব্যবস্থা করবে। **দায়িত্ব ঃ কৃষি তথ্য সার্ভিস।** | (১) খামার, কন্ট্রাক্ট গ্রোয়ার্স কর্মসূচী এবং অধিক বীজ উৎপাদন প্রকল্পের মাধ্যমে বীজ উৎপাদন কর্মসূচীটি বাস্তবায়নাধীন রয়েছে। আগামী ৮-১০ দিনের মধ্যে কর্মসূচী মোতাবেক রোপনকার্য শেষ হবে।<br>(২) ২০০৬-০৭ সনে ব্রি থেকে ১৪টি জাতের ১৬,২৭০ কেজি ব্রিডার আমন বীজ বিএডিসিকে সরবরাহ করা হয়েছে।<br>(৩) ২০০৬-০৭ সনে বিনা থেকে ২টি জাতের ১০০ কেজি ব্রিডার আমন বীজ বিএডিসিকে সরবরাহ করা হয়েছে।<br>(৪) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ সভায় জানান যে, ব্রি থেকে উদ্ভাবিত নতুন জাতসমূহের কোন প্রদর্শনী প্লট স্থাপন করা সম্ভব হয়নি। তবে ব্রিধান-৩৪, ৩৭ ও ৩৯ জাতের প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে।<br>(৫) পরিচালক, কৃষি তথ্য সার্ভিস সভাকে জানান যে, কোন বিষয়ে ক্যামপেন আকারে প্রচারের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রয়োজনীয় তথ্যাদির একটি সংক্ষিপ্ত বিবরণী কৃষি তথ্য সার্ভিসকে পাঠানো প্রয়োজন। ভবিষ্যতে প্রয়োজনীয় তথ্য পাওয়া সাপেক্ষে ক্যামপেন আকারে প্রচারের ব্যবস্থা নেয়া হবে। |

| | | |
|---|---|---|
| | (৬) বিএডিসি ব্রিডার বীজের দাম কমানোর বিষয়ে একটি প্রস্তাব জাতীয় বীজ বোর্ড-এর পরবর্তী সভায় উপস্থাপন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।** | (৬) ব্রিডার বীজের দাম কমানোর বিষয়টি জাতীয় বীজ বোর্ডের ৬০তম সভায় উপস্থাপন করা হয়েছিল কিন্তু বীজের দাম কমানোর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়নি। |
| ০৩ | **বিষয় ঃ ২০০৬-০৭ উৎপাদন মৌসুমের জন্য বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীর অধীন আমন ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>**সিদ্ধান্ত ঃ** বীজের আপৎকালীন মজুদ কর্মসূচী বর্তমান ব্যবস্থাপনার মাধ্যমে ২০০৬-০৭ বর্ষে ৪টি জোনের মাধ্যমে ৫০ মে. টন নাইজারশাইল, ৫০ টন বিনাশাইল, ৫০ টন বিআর-১০, ৪৫০ টন বিআর-১১, ১০০ টন বিআর-২২, ২০০ টন বিআর-২৩ ও ২০০ টন ব্রিধান-৩০, ১০০ মে. টন ব্রিধান-৪০ ও ১০০ মে. টন ব্রিধান-৪১ জাতের মোট ১,৩০০ মে. টন আমন ধান বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।** | বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীর তত্ত্বাবধানে বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। রোপণ কার্য ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। |
| ০৪ | **বিষয় ঃ হরি জাতের ২৫ মে. টন মানঘোষিত আমন বীজ উৎপাদন এবং ব্রিধান-২৮ ও ব্রিধান-২৯ জাতের (২০ একর করে) পরীক্ষামূলক আবাদ করার প্রস্তাব।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>(ক) হরি জাতটি চাষাবাদের লক্ষ্যে অনুমোদনের প্রত্যাশায় জাতীয় বীজ বোর্ডে কার্যপত্র পেশ করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।**<br>(খ) বিএডিসি আমন মৌসুমে ব্রিধান-২৮ ও ব্রিধান-২৯ জাত পরীক্ষামূলকভাবে আবাদ করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।** | (ক) হরি জাতের ব্যাপারে জাতীয় বীজ বোর্ডের আলোচ্য সূচীতে অন্তর্ভুক্তির জন্য পেশকৃত কার্যপত্রটি জাতীয় বীজ বোর্ডের ৬০তম সভার আলোচ্য সূচীতে অন্তর্ভুক্ত হয়নি। তবে বিএডিসি'র খামারে ৬ একর জমিতে হরি জাতের বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে।<br>এ বিষয়ে কমিটির সভাপতি মহোদয় জানান যে, হরি নামক জাতটির ব্যাপারে চলতি মৌসুমে পরীক্ষামূলক আবাদকার্য সম্পন্ন করে একটি প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে পাঠানোর জন্য 'ব্রি' কে অনুরোধ জানানো হয়েছে। সভায় উপস্থিত 'ব্রি'-এর প্রতিনিধি জানান যে, হরিপদ বাবুর নিজস্ব জমিতে হরিবাবুর মাধ্যমে 'ব্রি'র তত্ত্বাবধানে হরি জাত ও 'ব্রি'র কয়েকটি জাত কোড নম্বরের ভিত্তিতে পরীক্ষামূলক চাষ করা হচ্ছে। তাছাড়া হরি জাতের ব্যাপারে 'ব্রি'র বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা করে দেখা হচ্ছে। বীজ প্রত্যয়ন এজেন্সির পরিচালক বিএডিসি'র বিভিন্ন খামারে ৬ (ছয়) একর জমিতে হরি জাতের ধানের পরীক্ষামূলক আবাদে আপত্তি উত্থাপন করেন। এ ব্যাপারে বিএডিসি'র সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান) জানান যে, বিভিন্ন খামরে ৬ (ছয়) একর জমিতে হরি জাতের ধানের পরীক্ষামূলক আবাদ করা হয়েছে। সভাপতি মহোদয় এ ব্যাপারে আলোচনায় অংশগ্রহণ করে জানান যে, বিএডিসি হরি ধান নামে কোন বীজ, বিতরণ কর্মসচীতে অন্তর্ভুক্ত করবে না।<br>(খ) বিএডিসি ১.০০ একর জমিতে ব্রিধান-২৮ ও ১.০০ একর জমিতে ব্রিধান-২৯ এর পরীক্ষামূলক আবাদ করেছে। |
| ০৫ | **বিয়য় ঃ ২০০৬-০৭ উৎপাদন মৌসুমের জন্য ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>ক) ২০০৬-২০০৭ উৎপাদন মৌসুমে মুগ বীজ ঃ ভিত্তি ৫৪ মে. টন ও মানঘোষিত ৬৮ মে. টন, মাসকলাই ঃ ভিত্তি ১৯ ও মানঘোষিত ৪৩ মে. টন, মসুর ঃ ভিত্তি ৭০ ও মানঘোষিত ১৯৫ মে. টন, ছোলা ঃ ভিত্তি ১০ | ক) ডাল ও তৈল বীজ প্রকল্পের মাধ্যমে উৎপাদন কর্মসূচী জারী করা হয়েছে।<br>খ) ডাল ও তৈল বীজ প্রকল্পের মাধ্যমে উৎপাদন কর্মসূচী জারী করা হয়েছে।<br>গ) ডাল ও তৈল বীজ প্রকল্পের মাধ্যমে উৎপাদন কর্মসূচী জারী করা হয়েছে।<br>ঘ) মৌল বীজ পাওয়া গিয়েছে এবং মাঠে সরবরাহ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| | ও মানঘোষিত ১৭ মে. টন, খেসারী ঃ ভিত্তি ২৫ ও মানঘোষিত ২৫ মে. টন, মটর ঃ ভিত্তি ৩.০০ ও মানঘোষিত ১০.০০ মে. টন উৎপাদন করবে। দায়িত্ব ঃ বিএডিসি।<br>খ) ২০০৬-২০০৭ বর্ষে তৈল বীজ ফসলের সরিষা বীজ ঃ ১৩০ মে. টন ভিত্তি ও ১১৪ মে. টন মানঘোষিত, চীনাবাদাম বীজ ঃ ৬৯ মে. টন ভিত্তি ও ৪৩ মে. টন মানঘোষিত, সয়াবিন বীজ ঃ ৮০ মে. টন ভিত্তি ও ১৫১ টন মানঘোষিত, সূর্যমুখী বীজ ঃ ৪ মে. টন ভিত্তি ও ৬.০০ মে. টন মানঘোষিত এবং তিল বীজ ঃ ১১ মে. টন ভিত্তি ও ১২ মে. টন মানঘোষিত বীজ উৎপাদন করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।**<br>গ) বিএডিসি ২০০৬-০৭ বর্ষে ২ একর জমিতে বারি চিনাবাদাম-১ জাত পরীক্ষামূলক আবাদ করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।**<br>ঘ) বিএআরআই, বিনা উৎপাদন কর্মসূচী মোতাবেক ডাল ও তৈল বীজের মৌল বীজ বিএডিসি'কে সরবরাহ করবে। **দায়িত্ব ঃ বারি ও বিনা।** | সভাপতি মহোদয় ডাল ও তৈল বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সর্বাত্মক প্রচেষ্টা নেয়ার জন্য বিএডিসি'কে অনুরোধ জানান। ডাল ও তৈল বীজের উৎপাদন বৃদ্ধির ব্যাপারে সরকারের গৃহীত অন্যান্য প্রকল্পসমূহের সাথে বিএডিসি'র উক্ত কর্মসূচীর সমন্বয় রাখার ব্যাপারে সভাপতি মহোদয় মত প্রকাশ করেন। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস ডাল ও তৈল বীজ উৎপাদন বৃদ্ধির ব্যাপারে সরকারী কর্মসূচীসমূহের জন্য প্রয়োজনীয় ভিত্তি বীজ আলোচ্য উৎপাদন কর্মসূচীতে আছে কিনা জানতে চান। ব্যবস্থাপক (কর্মসূচী), বিএডিসি আলোচনায় অংশগ্রহণ করে সভাকে অবহিত করেন যে, সরকারী বিভিন্ন কর্মসূচীর প্রয়োজনীয় ভিত্তি বীজের সংস্থান আলোচ্য ডাল ও তৈল বীজ উৎপাদন কর্মসূচীতে রয়েছে।<br>বিএআরআই-এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে সরিষা বীজ উৎপাদন লক্ষ্যমাত্রায় টরি-৭ এর পরিমাণ কমিয়ে বারিসরিষা-৯ অন্তর্ভুক্তির প্রস্তাব করেন। তিনি জানান যে, বারিসরিষা-৯ এর ফলন টরি-৭ হতে দ্বিগুণ। সময় টরি-৭ হতে ৮-১০ দিন বেশী প্রয়োজন হয়। বিষয়টির উপর কমিটির সকল সদস্য আলোচনায় অংশগ্রহণ করেন।<br>সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান) সভায় জানান যে, বারিসরিষা-৯ এর চাহিদা বৃদ্ধি পেলে বিএডিসি ভবিষ্যতে টরি-৭ এর কর্মসূচী কমিয়ে বারিসরিষা-৯ এর পরিমাণ বৃদ্ধি করবে। |

**আলোচ্য সূচী-৩ ঃ ২০০৬-০৭ মৌসুমের জন্য জাতওয়ারী বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**

বিষয়টির ব্যাপারে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | **২০০৬-০৭ মৌসুমের জন্য জাতওয়ারী বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।** | সদস্য-সচিব সভায় অবহিত করেন যে, বিএডিসি ২০০৪-০৫ সালে ২,০৬৮ মে. টন ভিত্তি ও ৭,৪৫৫ মে. টন মানঘোষিত এবং ২০০৫-০৬ সালে ২,১৮৪ মে. টন ভিত্তি ও ৮,৮৫৯ মে. টন মানঘোষিত বীজআলু বিতরণ করেছে। এছাড়া ২০০৫-০৬ সালে উৎপাদিত ২,৫৪২ মে. টন ভিত্তি ও ৮,৫৬১ মে. টন মানঘোষিত বীজআলু সংরক্ষণ করা আছে। পিপি অনুযায়ী ২০০৬-০৭ সালে ৩,০০০ মে. টন ভিত্তি ও ৯,৯৬০ মে. টন মানঘোষিত বীজআলু উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, বর্তমানে বিএডিসি'র ১৪টি হিমাগারের ধারণ ক্ষমতা মাত্র ১২,৭০০ মে. টন। ২০০৬-০৭ সনে হিমাগারের ধারণ ক্ষমতা বৃদ্ধির সম্ভাবনা কম। তবে কুমিল্লা জেলাধীন হোমনা থানা সদরে ১,০০০ মে. টন, মেহেরপুরের বারাদীতে বিএডিসি খামারে ১,০০০ মে. টন এবং দিনাজপুরের নসিপুর বিএডিসি খামারে ১,০০০ মে. টনসহ মোট ৩,০০০ মে. টন ধারণ ক্ষমতা বিশিষ্ট ৩টি হিমাগার নির্মাণাধীন রয়েছে। | ক) ২০০৬-০৭ সালে বিএডিসি ৩,৫০০ মে. টন ভিত্তি বীজআলু (ভিত্তি ও আমদানীতব্য এসই/ই ক্লাস বীজআলু দ্বারা) এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ১৪,৫০০ মে. টন মানঘোষিত বীজআলু অর্থাৎ সর্বমোট ১৮,০০০ মে. টন বীজআলু উৎপাদন করবে। ব্রিডার ও ভিত্তি বীজের প্রাপ্যতার ভিত্তিতে বিএডিসি জাতভিত্তিক উৎপাদন কর্মসূচী গ্রহণ করবে। | ক) বিএডিসি। |

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বীজআলুর চাহিদা, বিগত বছরসমূহের বীজ বিতরণ ধারা, হিমাগারের ধারণ ক্ষমতা ও অন্যান্য সকল সুযোগ-সুবিধা বিবেচনা করে ২০০৭-০৮ সনে বিতরণের জন্য ২০০৬-০৭ সনে বিএডিসি হতে ৩,৫০০ মে. টন ভিত্তি ও ১৪,৫০০ মে. টন মানঘোষিত বীজআলু উৎপাদনের প্রস্তাব করা হয়েছে।<br>সভাপতি মহোদয় আলোচনায় অংশগ্রহণ করে সদস্য-সচিব কর্তৃক প্রস্তাবিত ১০টি জাতের ৩,৫০০ মে. টন ভিত্তি এবং ৮টি জাতের ১৪,৫০০ মে. টন মানঘোষিত বীজআলুর উৎপাদন লক্ষ্যমাত্রার ব্যাপারে মতামত জানতে চান। মহাপরিচালক (বীজ), বীজ উইং, কৃষি মন্ত্রণালয় আলোচনায় অংশগ্রহণ করে আলট্রা ও ডুরা জাত দুটিকে বীজ উৎপাদন কর্মসূচীতে অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাব করেন। অতিরিক্ত মহা-ব্যবস্থাপক (সিডিপি ক্রপস্), বিএডিসি আলোচনায় অংশগ্রহণ করে গ্রানুলা জাতের ভিত্তি বীজআলু আমদানীর প্রস্তাবিত ২৫ মে. টনের পরিবর্তে ১৫ মে. টন করতঃ ডুরা জাতের ৫ মে. টন ও আলট্রা জাতের ৫ মে. টন বীজআলু আমদানীর কর্মসূচীতে অন্তর্ভুক্তির প্রস্তাব করেন। | (খ) ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে ভিত্তি বীজ উৎপাদনের জন্য অ্যাসটেরিক্স জাতের ২৫ মে. টন, ফেলসিনা জাতের ২৫ মে. টন, গ্রানুলা জাতের ১৫ মে. টন, ডায়মন্ট জাতের ১৫ মে. টন, প্রুভেন্টা জাতের ১০ মে. টন, আলট্রা জাতের ৫ মে. টন, ডুরা জাতের ৫ মে. টন মোট ১০০ মে. টন বেসিক সীড (ক্লাস এসই/ই) আমদানী করবে। | খ) বিএডিসি। |
| ০৪ | ২০০৬-০৭ মৌসুমের জন্য জাতওয়ারী ব্রিডার বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য-সচিব সভায় অবহিত করেন যে, বিএডিসি উদ্যান উন্নয়ন কেন্দ্র, রাজশাহীতে স্থাপিত টিস্যুকালচার ল্যাবরেটরীতে ২০০৬-০৭ মৌসুমে ডায়মন্ট ও কার্ডিনাল জাতের অনুচারা উৎপাদন করত উৎপাদিত অনুচারা দ্বারা এবং স্টেম কাটিং ও স্প্রাউট কাটিং-এর মাধ্যমে ১৩,০০০ কেজি ডায়মন্ট ও ১২,০০০ কেজি কার্ডিনাল জাতের প্রি-বেসিক বীজ উৎপাদনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ উৎপাদন পরিকল্পনার প্রস্তাব উপস্থিত সকল সদস্যবৃন্দ সমর্থন করেন। | বিএডিসি'র নিজস্ব টিস্যুকালচার ল্যাবরেটরীতে উৎপাদিত ও সংগৃহীতব্য অনুচারা দ্বারা এবং স্টেম কাটিং ও স্প্রাউট কাটিং-এর মাধ্যমে ১৩,০০০ কেজি ডায়মন্ট ও ১২,০০০ কেজি কার্ডিনাল জাতের ব্রিডার বীজআলু উৎপাদন করবে। | বিএডিসি। |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৮/০৭

(শেখ এনায়েত উল্লাহ)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়
ও
সভাপতি, সীড প্রমোশন কমিটি

পরিশিষ্ট – ক

## ১৪/৮/০৬ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৭তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী ও সংস্থার নাম | টেলিফোন নম্বর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আব্দুর রশীদ | সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি | ৯৫৫৯৩৭৩ |
| ২ | জনাব মোঃ নজরুল ইসলাম | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি ও সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি | ৯৫৫২৩১৭ |
| ৩ | ড. আবু এনামদার হোসাইন | পরিচালক (কন্দাল), বারি | ৯২৫২৫৩৪ |
| ৪ | জনাব মোঃ আবদুল হাই | অতিঃ মহা-ব্যবস্থাপক (সিডিপি ক্রপস), বিএডিসি | ৯৫৫২৭৫৭ |
| ৫ | জনাব এ কে এম জামশেদ আলী মজুমদার | ব্যবস্থাপক (কর্মসূচী), বিএডিসি | ৯৫৫২৫১২ |
| ৬ | জনাব মোহাম্মদ আলী | উপ-পরিচালক (টিসি), বিএডিসি | |
| ৭ | ড. মোহাম্মদ হোসেন | পরিচালক (গবেষণা), বিনা | ০৯১-৫৪০৪৬ |
| ৮ | ড. মোঃ আব্দুল বাকী | পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর | ৯২৫২৪২৯ |
| ৯ | জনাব মোঃ রফিকুল ইসলাম | সহকারী বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | ৭১৬০২৩৮ |
| ১০ | জনাব মোঃ আসাদুজ্জামান | পরিচালক (কৃষি), বিজেআরআই | ৯১১৬০৯৬ |
| ১১ | জনাব আনোয়ারুল হক | সহ-সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ | ৯১১১৮৯৪ -0152-448748 |
| ১২ | জনাব মোঃ তালেব আলী শেখ | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | ৯২৫২০৩৩ |
| ১৩ | জনাব মোঃ সরাফত আলী মিঞা | উপ-পরিচালক, ডিএই, খামারবাড়ি | ৯১৩২৩২৬ |
| ১৪ | জনাব এ.কে.এম আনোয়ারুল ইসলাম | অতিঃ পরিচালক (সম্প্রসারণ), ডিএই, খামারবাড়ি | ৯১৩২২০৮ |
| ১৫ | ড. শহীদুল ইসলাম | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি | ৯১১২২৬০ |
| ১৬ | জনাব আনোয়ার ফারুক | মহা-পরিচালক (বীজ), বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | ৭১৬৪৬২৪ |
| ১৭ | জনাব মোঃ আবদুল্লাহ | প্রকল্প পরিচালক (ডাল ও তৈলবীজ), বিএআরআই, গাজীপুর | ৯২৫২৩০৩ |
| ১৮ | ড. মোঃ খায়রুল বাশার | প্রকল্প পরিচালক, বিআরআরআই | ৯২৫২৩০৩, ৯২৫৭৪০১ |

Director (Fieldservice) DAE = ৮১২৩৭৪৭
9112840 FAO

D.D. (Monit) 9111966